

## নাগরিক আইনসংকলনের ধারা ১৮৩৫, ১৮৩৫ক অনুযায়ী সম্মানিত পরিচর্যাকারিণীদের এবং পরিচর্যাকারীদের জন্য ক্ষতিপূরণের উপর বিজ্ঞপ্তি

অভিভাবকত্বের কাজ মূলত বিনামূল্যে (সম্মানিত অফিসের) কাজ হিসেবে পরিচালনা করা হয়। তবে পরিচর্যাকারিণী বা পরিচর্যাকারী হিসেবে খরচ, যেটা আপনার এই দায়িত্ব নেয়ার জন্য উদ্ভব হয়েছে তা ফেরত দেয়া যেতে পারে।

### ১। ব্যয়ের ক্ষতিপূরণ ভাতা, সিভিল কোডের §১৮৩৫ নং আইন অনুযায়ী (§1835 BGB)

সিভিল কোডের §১৮৩৫ নং আইন অনুযায়ী ব্যয়ের ক্ষতিপূরণ ভাতা বর্তমানে প্রতি বছর ৪০০ ইউরো ধার্জ করা হয়েছে। যদি এই পরিমাণ অর্থ দাবি করা হয়, কোন রসিদ বা প্রমান তদারকির আদালতে জমা দেওয়ার দরকার নেই।

এই অর্থ তদারকির নিয়োগের এক বছর পরে প্রথমবারের জন্য প্রদান করা হবে। আপনাকে জানানো হচ্ছে যে পরের বছরের ৩১শে মার্চের মধ্যে আপনার আবেদন জমা না দিলে এই আপনার সেই অর্থ পাওয়ার অধিকার বাতিল হয়ে যাবে। এই তারিখটা হল আপনার জন্য নির্ধারিত সময়সীমা, যার পরে আপনার আর কোন দাবী থাকবে না।

উদাহরণ:

কেয়ারের বছরটি ১৫ই আগস্ট, ২০০৯ তারিখে শেষ হবে। আবেদনটি ৩১শে মার্চ, ২০১০ তারিখের এর মধ্যে জমা দিতে হবে।

আপনি একটি আবেদন ফর্ম অনুরোধের ভিত্তিতে পাবেন। আবেদনটি কোন বিশেষ ফরমেট ছাড়াই জমা দেওয়া যেতে পারে।

### ২। ব্যয়ের ক্ষতিপূরণ, সিভিল কোডের §১৮৩৫ নং আইন অনুযায়ী (§1835 BGB)

যদি আপনার খরচ ৪০০ ইউরোর বেশী হয়, তাহলে সেটা আপনাকে প্রমান করতে হবে (দেখার দিন, আপনার টেলিফোন করা, ঠিকানা সহ স্ট্যাম্পের রসিদ, ইত্যাদি দাখিল করে)। নিজের গাড়িতে ভ্রমণ করিলে প্রতি কিলোমিটারে ০.৪২ ইউরো দেয়া হবে।

এই ব্যয়ের ক্ষতিপূরণ খরচ হওয়ার ১৫ মাসের মধ্যে সংশ্লিষ্ট ব্যক্তির কাছে বা তদারকির আদালতের কাছে আবেদন করতে হবে। ১৫ মাসের পরে আবেদন করলে আপনার অধিকার বাতিল হয়ে যাবে।

### ৩. নির্বাচন বা পছন্দের অধিকার

এটা শুধুমাত্র গড়পড়তা - পৃথক ভাবে প্রমাণ ছাড়া - অথবা খরচ পরিশোধের জন্য আবেদন করা যেতে পারে। আপনি বেছে নিন একটি আপনার অনুকূলের বিকল্প। এই নির্বাচন বা বেছে নেয়া হচ্ছে বাধ্যবাধকতা।

### ৪. পরিশোধ পদ্ধতি

যদি সংশ্লিষ্ট ব্যক্তি সম্বলহীন হয়, তার বর্তমান আয় ওয়েলফেয়ার বেনিফিটের (কল্যাণ সুবিধার) নিচে হয় এবং কোন সম্পদ, যেটা কার্যকরী সম্পত্তির হিসেবের মধ্যে পরে না, তাহলে আপনার খরচ, আবেদনের মাধ্যমে প্রাদেশিক কোষাগার থেকে পুরন করা হবে।

সংরক্ষিত সম্পদ সাধারণত ৫০০০ ইউরো ধরা হয়।

যদি সংশ্লিষ্ট ব্যক্তির যথেষ্ট আয় অথবা সম্পত্তি থাকে, তাহলে আপনার খরচপত্র প্রত্যেকটির ভিন্ন ভিন্ন প্রমাণ সহ (উপরে ২ নম্বরে দেয়া আছে) কোন আবেদন ছাড়া খরচের সাথে সাথে অবিলম্বে সংশ্লিষ্ট ব্যক্তির সম্পত্তি থেকে নিয়ে নিবেন। যদি আপনি গড়পড়তা ক্ষতিপূরণ পরিশোধের পদ্ধতি নির্বাচন করে থাকেন (উপরের ১ নম্বর), এটা

আপনি পরিচর্যার বছর পার হওয়ার পর ব্যক্তির সংশ্লিষ্ট সম্পত্তি থেকে নিয়ে নিবেন। তারপর এটা হিসাবরক্ষণের পদ্ধতিতে অথবা প্রতিবেদনের দ্বারা পরীক্ষা করা হবে।